

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩
গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা।

Web: <http://pbs3.comillapbs3.gov.bd>

ই-মেইলঃ comillapbs3@gmail.com

স্মারক নং-২৭.১২.১৯৩৬.৫৭২.০১.০৩৮.২৪- ৬২৮০

তারিখঃ ১৮ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারী, ২০২৪ খ্রিষ্টাব্দ


পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক হার্ডওয়্যার/লৌহ জাতীয় মালামাল নিলামের লক্ষে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট হতে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	জামানত	পরিমাণ	দরদাতা কর্তৃক দাখিলকৃত মূল্য	
				একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	হার্ডওয়্যার/লৌহ জাতীয় মালামাল নিলামের দরপত্র	উদ্ধৃত মূল্যের ২৫%	৮০০৪.১৬		
	সর্বমোট মূল্য =				


শর্তাবলী:

- ০১। দরপত্র সিডিউল আগামী ০৪/০২/২০২৪ খ্রি: তারিখ হতে ১৮/০২/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত (ক) কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পৃঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ারা, সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে কুমিল্লা পবিস-৩ এর অনুকূলে ১,০০০/- (এক হাজার) টাকার অফেরতযোগ্য পে অর্ডার / ব্যাংক ড্রাফট এর মাধ্যমে সংগ্রহ করা যাবে। দরপত্রের বিস্তারিত বিবরণ ও নিয়মাবলী দরপত্র সিডিউলে পাওয়া যাবে।
- ০২। অত্র দরপত্র সীলকৃত / মুখবন্ধ খামে আগামী ১৯/০২/২০২৪ খ্রি: তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে (ক) কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পৃঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৩। দরপত্র আগামী ১৯/০২/২০২৪ খ্রি: তারিখ বেলা ১২:০৫ ঘটিকায় খোলা হবে। দরপত্র খোলার সময় দরদাতা বা তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।
- ০৪। উদ্ধৃত মূল্যের ২৫% টাকার আর্নেস্টম্যানি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। নির্ধারিত আর্নেস্টম্যানি ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৫। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ১৮/০২/২০২৪ ইং তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতিত) বর্নিত মালামাল অত্র পবিসে পরিদর্শন করা যাবে।
- ০৬। সর্বোচ্চ বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট মালামাল নিলামে বিক্রয় করা হবে।
- ০৭। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর) মূল্য এবং সরকারী বিধি মোতাবেক উদ্ধৃত মোট মূল্যের উপর নিয়মানুযায়ী ভ্যাট ও উৎস কর নগদ/পে-অর্ডার আকারে পরিশোধ পূর্বক মালামাল গ্রহণ করতে হবে। অন্যথায়, দরপত্রের সাথে প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ০৮। দরপত্রের খামের উপর “হার্ডওয়্যার/লৌহ জাতীয় মালামাল পুনঃনিলামের দরপত্র” কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং খাম সীলগালা পূর্বক উপরের হুক অনুযায়ী দর দাখিল করতে হবে।
- ০৯। দরপত্র সম্পর্কে কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময় সীমার কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ১০। কুমিল্লা পবিস-৩ এর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১১। শর্তে উল্লেখ নাই এমন কোন বিষয়ের উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


মুহম্মদ নূরুল হোসাইন
জেনারেল ম্যানেজার

অনুলিপি (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহল প্রচারের অনুরোধসহ) (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র দলিল বিক্রয়, দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো)।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো)
- ০৩। জেলা প্রশাসক, কুমিল্লা /মুন্সীগঞ্জ /ব্রাহ্মনবাড়িয়া।
- ০৪। পুলিশ সুপার, কুমিল্লা /মুন্সীগঞ্জ /ব্রাহ্মনবাড়িয়া।
- ০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা ।
- ০৬। নির্বাহী প্রকৌশলী (এস ও ডি), বাপবিবো, কুমিল্লা (উত্তর)।
- ০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা/ মুন্সীগঞ্জ/ ব্রাহ্মনবাড়িয়া।
- ০৯। চেয়ারম্যান
- ১০। ডিজিএম, দাউদকান্দি/হোমনা/গজারিয়া/বাঞ্ছারামপুর/কারিগরী, কুমিল্লা পবিস-৩।
- ১১। এজিএম (ওএন্ডএম), মেঘনা সাব-জোনাল/ তিতাস সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-৩।
- ১২। সহকারী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (উত্তর)।
- ১৩। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/প্রশাসন), কুমিল্লা পবিস-৩।
- ১৪। মেসার্স
- ১৫। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-৩।
- ১৬। অফিস কপি/মাস্টার কপি।


(সুহাইমুল হোসাইন)
জেনারেল ম্যানেজার
